গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

প্রধান নির্বাহী কর্মকর্তা, বাংলাদেশ ট্যুরিজম বোর্ড

এবং

সচিব, বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়

এর মধ্যে স্বাক্ষরিত

# বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

জুলাই ১,২০১৭- জুন ৩০, ২০১৮

# সূচীপত্র

বাংলাদেশ ট্যুরিজম বোর্ডের কর্মসম্পাদনের সার্বিক চিত্র ..........৩

উপক্রমণিকা ....... ..........৫

সেকশন ১: বাংলাদেশ ট্যুরিজম বোর্ডের রূপকল্প (Vision) অভিলক্ষ্য (Mission), কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং কার্যাবলী ......৬

সেকশন ২: বাংলাদেশ ট্যুরিজম বোর্ডের বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact) ..........৭

সেকশন-৩ : কৌশলগত উদ্দেশ্য, অগ্রাধিকার, কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ ..........৯

সংযোজনী-১ : শব্দসংক্ষেপ (Acronyms) ..........১৪

সংযোজনী -২ : কর্মসম্পাদন সূচকসমূহ, বাস্তবায়নকারী এবং পরিমাপ পদ্ধতি..........১৫

সংযোজনী-৩ : কর্মসম্পাদন লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে অন্য মন্ত্রণালয়/বিভাগের উপর নির্ভরশীলতা ..........১৭

# বাংলাদেশ ট্যুরিজম বোর্ডের কর্মসম্পাদনের সার্বিক চিত্র
# (Overview of the Performance of Bangladesh Tourism Board)
## সাম্প্রতিক অর্জন, চ্যালেঞ্জ এবং ভবিষ্যত পরিকল্পনা

### সাম্প্রতিক বৎসরসমূহের (০৩ বছর) প্রধান অর্জনসমূহ

বাংলাদেশকে একটি পরিকল্পিত পর্যটন গন্তব্য হিসেবে উন্নীত করার লক্ষ্যে জাতীয় পর্যটন পরিষদের (National Tourism Council) সিদ্ধান্তক্রমে একটি স্বল্প, মধ্য ও দীর্ঘমেয়াদী মহা-পরিকল্পনা প্রণয়নের কার্যক্রম গ্রহণ। ইতিহাস ও ঐতিহ্য ভিত্তিক পর্যটন উন্নয়ন এবং বৌদ্ধ ধর্মীয় প্রাচীন স্থাপনাগুলোকে পর্যটন আকর্ষণ হিসেবে উন্নয়ন, প্রচার ও বিপণনের লক্ষ্যে জাতিসংঘ বিশ্ব পর্যটন সংস্থা United Nation World Tourism Organization (UNWTO) এর সহযোগিতায় International Conference on Developing of Sustainable and Inclusive Buddhist Heritage and Pilgrimage Circuits in South Asia's Buddhist Heartland শীর্ষক আন্তর্জাতিক কনফারেন্স আয়োজন। দেশী-বিদেশী পর্যটন মেলায় অংশগ্রহণের ফলে দেশের ট্যুর অপারেটর এবং বিদেশী ট্যুর অপারেটরদের মধ্যে ব্যবসায়িক সম্পর্ক সুপ্রতিষ্ঠিত হচ্ছে। বাংলাদেশ ট্যুরিজম বোর্ড কর্তৃক ২০১৬ সালে দক্ষিণ কোরিয়ার সিউলে অনুষ্ঠিত Korea World Travel Fair (KOTFA) এ Best Marketing NTO হিসেবে আন্তর্জাতিক পুরস্কার অর্জন। পর্যটন বর্ষ-২০১৬ (Visit Bangladesh Year-2016) এর আনুষ্ঠানিক উদ্বোধন এবং পর্যটন বর্ষ সম্পর্কে সচেতনতা বৃদ্ধি, পর্যটন সেবার মানোন্নয়নে স্থানীয় টিভি, রেডিও এবং ডিজিটাল মাধ্যমে পর্যটন বর্ষের প্রচার কার্যক্রম বাস্তবায়ন। গত তিন বছরে বিশ্বের বিভিন্ন দেশ থেকে মোট ৫৬ জন বিদেশী ট্যুর অপারেটর এবং মিডিয়া প্রতিনিধিদের জন্য বাংলাদেশে পরিচিতিমূলক ভ্রমণ আয়োজন। কক্সবাজারকে একটি আন্তর্জাতিক পর্যটন গন্তব্য হিসেবে প্রচার ও বিপণনের জন্য দেশের ইতিহাসে প্রথমবারের মতো 'মেগা বীচ কার্ণিভাল ডেস্টিনেশন-কক্সবাজার' আয়োজন। ভিজিট বাংলাদেশের প্রচারকার্যক্রমকে দেশে-বিদেশে ছড়িয়ে দেয়ার লক্ষ্যে বাংলাদেশ ডাক বিভাগ, বাংলাদেশ রেলওয়ে ও ঢাকা সিটি করপোরেশনের সাথে যৌথ ভাবে প্রচারনার উদ্যোগ গ্রহণ করা হয়। পর্যটকদের নিরাপদ ভ্রমণ নিশ্চিত করার লক্ষ্যে ২০ মার্চ' ২০১৬ থেকে ০২ এপ্রিল' ২০১৬ পর্যন্ত ০২ সপ্তাহব্যাপী ইকো গাইড প্রশিক্ষণ কর্মসূচির আয়োজন করা হয়। প্রতি বছরেই অনুরুপ প্রশিক্ষণ কর্মসূচি চলমান রেখে দক্ষ গাইড তৈরির পরিকল্পনা রয়েছে যা বেকারত্ব বিমোচনে গুরুত্বপূর্ণ অবদান রাখবে বলে আশা কারা যায়। আন্তর্জাতিক পর্যায়ে সফল যোগাযোগের ফলে বাংলাদেশ UNWTO Commission For South Asia (CSA) এবং OIC Tourism Minister's Conference এর ভাইস-চেয়ারম্যান নির্বাচিত। গত ২৩-২৫ নভেম্বর-২০১৬ তারিখ কক্সবাজারে PATA New Tourism Frontiers Forum-2016 আয়োজন করার ফলে পর্যটন সমৃদ্ধ দেশ হিসেবে বাংলাদেশের পরিচিতি বৃদ্ধি পেয়েছে। এ অনুষ্ঠানে UNWTO, PATA, World Bank, IUCN এর প্রতিনিধিসহ প্রায় ১০০ জন বিদেশি প্রতিনিধি এবং ১৫০ জন স্থানীয় অতিথি অংশগ্রহণ করেন। পটুয়াখালী জেলার কুয়াকাটা সমুদ্রসৈকত কে একটি আকর্ষণীয় পর্যটন গন্তব্য হিসেবে তুলে ধরার লক্ষ্যে ১৪-১৬ জানুয়ারি' ২০১৭ তারিখে ০৩'দিন ব্যাপী "মেগাবীচ কার্ণিভাল কুয়াকাটা-২০১৭" আয়োজন। বাংলাদেশ ট্যুরিজম বোর্ডের সহযোগিতায় ও বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়ের নেতৃত্বে সমুদ্রগামী ওশান ক্রুজের বাংলাদেশ ভ্রমণের মাধ্যমে বাংলাদেশ পর্যটন শিল্পের উন্নয়নে একটি নতুন দিগন্ত উন্মোচিত হয়। আমেরিকা ভিত্তিক সিলভার ডিসকভারার নামক ওশান ক্রুজ গত ২২-২৪ ফেব্রুয়ারি' ২০১৭ তারিখ পর্যন্ত ০৩'দিন ব্যাপী বাংলাদেশ পরিভ্রমণ করে। ভবিষ্যতে ওশান ক্রুজের এ বহরে নতুন নতুন ক্রুজ শিপ যুক্ত হবে এবং বাংলাদেশ একটি জনপ্রিয় ওশান ক্রুজ ডেস্টিনেশন হিসেবে দক্ষিণ এশিয়ায় আত্মপ্রকাশ করবে মর্মে আশা করা যায়। ১৫-১৭ মে' ২০১৭ সময়ে চট্টগ্রামে '29th Joint Meeting of the UNWTO Commission for East Asia and the Pacific and the UNWTO Commission for South Asia' আয়োজন করা হয়।

এ অনুষ্ঠানে UNWTO, PATA এর প্রতিনিধিসহ পৃথিবীর ২৫টি দেশের প্রতিনিধিবৃন্দ এবং স্থানীয় ২০০ জন প্রতিনিধি অংশ গ্রহণ করেন। এ আয়োজনের মাধ্যমে বাংলাদেশের পর্যটন শিল্পের অপার সম্ভাবনা বিশ্ববাসীর সামনে উপস্থাপনের সুযোগ সৃষ্টি হয়।

## সমস্যা এবং চ্যালেঞ্জসমূহ

২০১০ সালে জাতীয় পর্যটন সংস্থা হিসেবে বিটিবি প্রতিষ্ঠিত হলেও এখন পর্যন্ত জনবল নিয়োগ করা হয়নি। বাংলাদেশ পর্যটন করপোরেশন থেকে সংযুক্তির ভিত্তিতে নয় জন কর্মকর্তা ও এক জন কর্মচারী এবং বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ থেকে সংযুক্তির ভিত্তিতে এক জন কর্মচারী ও আউটসোর্সিং পদ্ধতিতে নিয়োজিত ০৯ (নয়) জন কর্মচারীর মাধ্যমে দৈনন্দিন কার্যক্রম পরিচালনা করা হচ্ছে। বর্তমানে নিয়োগ প্রক্রিয়া চলমান, ফলে নিয়োগ প্রক্রিয়া সম্পন্ন হলে জনবল সমস্যার সমাধান হবে। পর্যটন শিল্পের প্রচার ও বিপণনে বিটিবি বেসরকারি খাতকে সম্পৃক্ত করে কার্যক্রম গ্রহণ করে। তবে বিটিবি বা মন্ত্রণালয়ে ট্যুর অপারেটরদের কোন নিবন্ধন না থাকায় বেসরকারি খাতের বড় একটি অংশের বিটিবি বা মন্ত্রণালয়ের প্রতি আইনগত কোন দায়বদ্ধতা তৈরী হয়নি, যা বিটিবি-র কার্যক্রম সম্পাদনে একটি চ্যালেঞ্জ। বাংলাদেশ ট্যুরিজম বোর্ডে ক্যাটাগরি ভিত্তিক পর্যটক আগমন বিষয়ক কোন তথ্য-উপাত্ত নেই। ডাটাবেইজ তৈরি করার ক্ষেত্রে সংশ্লিষ্ট সংস্থা যেমন-বাংলাদেশ পরিসংখ্যান ব্যুারো, পুলিশের বিশেষ শাখা, বাংলাদেশ মিশন ইত্যাদির নিকট নির্ভরশীল হতে হয়। পর্যটক আগমন সংক্রান্ত ডাটাবেইজ তৈরি করার বিষয়ে সংশ্লিষ্ট সংস্থাগুলোকে সমন্বিত করে কার্যক্রম গহণ বিটিবি'র অন্যতম একটি চ্যালেঞ্জ। পর্যটন একটি বহুমাত্রিক শিল্প। এ শিল্পের উন্নয়ন ও ব্যবস্থানার সাথে বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়, বাংলাদেশ পর্যটন করপোরেশন, বাংলাদেশ ট্যুরিজম বোর্ড ছাড়াও অন্যান্য মন্ত্রণালয় এবং সরকারি ও বেসরকারি সংস্থার সম্পৃক্ততা রয়েছে। এ সকল মন্ত্রণালয়/বিভাগ/সংস্থাসমূহের তাৎক্ষনিক সহযোগিতা পাওয়া বাংলাদেশ ট্যুরিজম বোর্ডের জন্য একটি চ্যালেঞ্জ।

## ভবিষ্যৎ পরিকল্পনা

জাতীয় পর্যটন নীতিমালা বাস্তবায়নকারী সংস্থা হিসেবে বিটিবি জাতীয় পর্যটন পরিষদের অনুমোদনক্রমে পর্যটন শিল্পের সার্বিক উন্নয়ন ও বিকাশের লক্ষ্যে একটি স্বল্প, মধ্য ও দীর্ঘমেয়াদী মহা-পরিকল্পনা প্রণয়নের লক্ষ্যে আন্তর্জাতিক পরামর্শক নিয়োগের কার্যক্রম চূড়ান্ত পর্যায়ে রয়েছে। মহাপরিকল্পনা তৈরীর কার্যক্রম আগামী ২০১৯ সাল নাগাদ শেষ হবে মর্মে আশা করা যায়। মহাপরিকল্পনাটি বাস্তবায়িত হলে বাংলাদেশ বিশ্বের অন্যতম প্রধান আকর্ষণীয় পর্যটন গন্তব্যে পরিণত হবে এবং বাংলাদেশকে দক্ষিণ-পূর্ব এশিয়ার আকর্ষণীয় পর্যটন গন্তব্যে পরিণত করার ক্ষেত্রে যুগান্তকারী ভূমিকা পালন করবে মর্মে প্রতীয়মান হয়। মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক ২০১৬ সালকে পর্যটন বর্ষ হিসেবে ঘোষণা করা হয়। এতদ্‌লক্ষ্যে বিটিবি কর্তৃক পর্যটন আকর্ষণ উন্নয়ন ও পর্যটন প্রচারনামূলক ইভেন্ট আয়োজনসহ দেশে-বিদেশে ব্যাপক প্রচারণামূলক কার্যক্রমের পরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়ন করা হচ্ছে। পর্যটন বর্ষ উপলক্ষ্যে গৃহীত এ কার্যক্রম ২০১৬-২০১৭ এবং ২০১৭-২০১৮ পর্যন্ত ধারাবাহিকভাবে অব্যাহত থাকবে। বাংলাদেশের পর্যটন সম্ভাবনার উন্নয়ন, প্রচার ও বিপণনের লক্ষ্যে বিভিন্ন আন্তর্জাতিক মেলায় অংশগ্রহণ, রোড শো/ সেলস মিশন আয়োজন, পরিচিতিমূলক ভ্রমণ আয়োজন, ডিজিটাল মাধ্যমে প্রচারণা এবং আন্তর্জাতিক মানের সেমিনার/ওয়ার্কশপ আয়োজন কার্যক্রমসমূহ চলমান থাকবে।

## ২০১৭-২০১৮ অর্থবছরের সম্ভাব্য প্রধান অর্জনসমূহ ঃ

- পর্যটন মহা-পরিকল্পনা প্রণয়নের কার্যক্রম শুরু এবং ২০১৭-১৮ অর্থবছরের মধ্যে পরামর্শক প্রতিষ্ঠান নিয়োগের কাজ সম্পন্ন করা;
- পর্যটন বর্ষ ২০১৬ এর ধারাবাহিকতায় দেশে পর্যটক আগমন বৃদ্ধির লক্ষ্যে দেশে ও আন্তর্জাতিক পর্যটন বাজারে প্রচার কার্যক্রম অব্যাহত রাখা যেমন-আন্তর্জাতিক পর্যটন মেলায় অংশগ্রহণ, সেলস মিশন ও পরিচিতিমূলক ভ্রমণের আয়োজন;
- পর্যটন আকর্ষণ কেন্দ্রিক কার্ণিভাল আয়োজন;
- নতুন পর্যটন আকর্ষণ হিসেবে বৃহত্তর বরিশাল জেলায় ব্যাক ওয়াটারস্ পর্যটন উন্নয়ন;
- যুব পর্যটনকে উৎসাহিত করার লক্ষ্যে পার্বত্য জেলাসমূহে এ্যাডভেঞ্চার ট্যুর পরিচালনা ও উন্নয়ন;
- কমিউনিটি পর্যটন উন্নয়নে দেশের দিনাজপুর, সোনারগাঁও, সুন্দরবন ও মৌলভীবাজারে হোমস্টে কার্যক্রম শুরু করা;
- পর্যটকদের নিরাপদ ভ্রমণ নিশ্চিত করার লক্ষ্যে দক্ষ ট্যুর গাইড প্রশিক্ষণ;
- পর্যটন সেবার মান উন্নয়নের লক্ষ্যে নবাগত ট্যুর অপারেটরদের প্রশিক্ষণ প্রদান;
- পর্যটন বর্ষ উপলক্ষ্যে স্মারক ডাক টিকেট প্রকাশ;
- দেশের পর্যটন পণ্যসমূহকে বর্হি:বিশ্বে তুলে ধারার লক্ষ্যে আন্তর্জাতিক টিভি চ্যানেলে প্রচার-প্রচারণা চালানো;

## উপক্রমণিকা (Preamble)

সরকারি দপ্তর/সংস্থাসমূহের প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি, স্বচ্ছতা ও জবাবদিহি জোরদার করা, সুশাসন সংহতকরণ এবং সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণের মাধ্যমে রূপকল্প ২০২১ এর যথাযথ বাস্তবায়নের লক্ষ্যে-

প্রধান নির্বাহী কর্মকর্তা, বাংলাদেশ ট্যুরিজম বোর্ড

এবং

সচিব, বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয় এর মধ্যে ২০১৭ সালের জুন মাসের ১৮ তারিখে এই বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হল।

এই চুক্তিতে স্বাক্ষরকারী উভয়পক্ষ নিম্নলিখিত বিষয়সমূহে সম্মত হলেন:

## সেকশন ১

# বাংলাদেশ ট্যুরিজম বোর্ডের রূপকল্প (Vision), অভিলক্ষ্য ( Mission), কৌশলগত উদ্দেশ্যসমূহ (Stragetic Objectvie), কার্যাবলি (Functions)

### ১.১ রূপকল্প (Vision)

দক্ষিণ এশিয়ার মধ্যে বাংলাদেশকে অন্যতম প্রধান পর্যটন গন্তব্য হিসেবে গড়ে তোলা।

### ১.২ অভিলক্ষ্য (Mission)

১. সুপরিকল্পিত ও টেকসই উন্নয়নের মাধ্যমে বিশ্বমানের পর্যটন পণ্য ও সেবার উন্নয়ন।
২. কার্যকরী প্রচার ও বিপণনের মাধ্যমে বহির্বিশ্বে বাংলাদেশের পর্যটন পণ্য ও সেবার বিপণন।

### ১.৩ কৌশলগত উদ্দেশ্যসমূহ (Strategic Objectives)

১. পর্যটন শিল্পের পরিকল্পিত উন্নয়নের লক্ষ্যে একটি স্বল্প, মধ্য ও দীর্ঘমেয়াদী পর্যটন মহা-পরিকল্পনা প্রণয়ন;
২. কক্সবাজার ও কুয়াকাটাকে পর্যটন গন্তব্য হিসেবে প্রচারের লক্ষ্যে কার্ণিভাল আয়োজন;
৩. বর্হিঃবিশ্বে জনসংযোগ ও প্রচার কার্যক্রমের মাধ্যমে পর্যটন গন্তব্য হিসেবে বাংলাদেশের উজ্জ্বল ভাবমূর্তি গড়ে তোলা;
৪. স্থানীয় জনগোষ্ঠীকে পর্যটন শিল্পের সাথে সম্পৃক্ত করার জন্য কমিউনিটি, পর্যটন উন্নয়ন কার্যক্রম গ্রহণ;
৫. আন্তর্জাতিক পর্যটন বাজারে প্রবেশের জন্য বিভিন্ন বিপণন কর্মসূচী বাস্তবায়ন;
৬. মানসম্মত সেবা প্রদানে স্থানীয় জনগণকে উদ্বুদ্ধ করার জন্য পর্যটন সচেতনতামূলক কার্যক্রম বাস্তবায়ন;
৭. পর্যটন শিল্পের স্টেকহোল্ডারদের বিপণন সক্ষমতা বৃদ্ধিকল্পে কার্যক্রম বাস্তবায়ন।
৮. পর্যটন শিল্পে নিয়োজিত জনবলের দক্ষতা উন্নয়ন;
৯. পর্যটন সুবিধা প্রবর্তন ও উন্নয়ন;
১০. তরুণ সমাজকে পর্যটনে সম্পৃক্ত করনের মাধ্যমে এ্যাডভেঞ্চার পর্যটন উন্নয়ন।

### ১.৪ কার্যাবলি (Functions)

১. পর্যটন উন্নয়নে নীতিমালা প্রণয়ন, সুপারিশ প্রদান ও বিদ্যমান পর্যটন সংক্রান্ত নীতিমালা বাস্তবায়নে সহায়তা;
২. পর্যটন শিল্পের সার্বিক উন্নয়নে গৃহীত পরিকল্পনা বাস্তবায়নে সংশ্লিষ্টদের পরামর্শ বা দিকনির্দেশনা প্রদান;
৩. পর্যটন আকর্ষণ চিহ্নিতকরণ , সংরক্ষণ, উন্নয়ন, বিকাশ ও গণসচেতনতা তৈরি;
৪. দায়িত্বশীল পর্যটন (Responsible Tourism) বাস্তবায়ন করার লক্ষ্যে সরকার, ব্যক্তিখাত, স্থানীয় জনগোষ্ঠী, স্থানীয় প্রশাসন, এনজিও, নারী সংগঠন ও মিডিয়ার অংশগ্রহণের ব্যবস্থাকরণ;
৫. বিদেশী পর্যটন প্রতিষ্ঠানের সাথে বাংলাদেশের পর্যটন প্রতিষ্ঠানের যোগাযোগ স্থাপনে সহযোগিতা প্রদান ও কাজে সমন্বয় সাধন;
৬. বাংলাদেশে পর্যটকদের আগমন এবং অবস্থানকে সহজতর ও নিরাপদ করাসহ অন্যান্য স্বার্থ সংশ্লিষ্ট বিষয়ে সরকারের বিভিন্ন সংস্থার সাথে সমন্বয় সাধন;
৭. পর্যটন শিল্প সহায়ক সুবিধাসমূহ সৃষ্টি এবং পর্যটন সংশ্লিষ্ট উন্নয়ন কার্যক্রমে সহায়তা প্রদান ও দেশে বিদেশে বিপণনের বিষয়ে সরকারি ও বেসরকারি সংস্থা বা প্রতিষ্ঠান, সরকারি বিভাগ বা দপ্তরের মধ্যে নিয়মিত যোগাযোগ রক্ষা ও সমন্বয় সাধন;
৮. পর্যটন আকর্ষণের মান নিয়ন্ত্রণ এবং পর্যটকদের স্বার্থ রক্ষায় মানসম্পন্ন পর্যটন সেবা প্রদান নিশ্চিতকরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ;
৯. প্রতিবন্ধী পর্যটকদের অংশগ্রহণের সুবিধাদি নিশ্চিত করণ;
১০. পর্যটন শিল্পে নারীর অধিকার ও অংশগ্রহণ সংরক্ষণ;
১১. পর্যটন শিল্পের উন্নয়নের জন্য গবেষণা, আন্তর্জাতিক বাজর পর্যবেক্ষণ ও বিশ্লেষণপূর্বক যথোপযুক্ত ব্যবস্থা গ্রহণ;
১২. পর্যটন সম্পৃক্ত রুগ্ন শিল্পকে সহায়তা প্রদানকল্পে প্রয়োজনীয় দিকনির্দেশনা প্রদান;
১৩. পর্যটন সম্পর্কিত যাবতীয় মেলার আয়োজন ও প্রচার বা প্রকাশনামূলক কার্যক্রম গ্রহণে দিকনির্দেশনা প্রদান;
১৪. পর্যটন সংক্রান্ত ডাটাবেস তৈরি;
১৫. সরকার কর্তৃক নির্দেশিত অন্যান্য দায়িত্ব পালন।

## সেকশন-২

বাংলাদেশ ট্যুরিজম বোর্ডের কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact)

| চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact) | কর্মসম্পাদনের সূচকসমূহ (Performance Indicator) | একক (Unit) | প্রকৃত | | লক্ষ্যমাত্রা ২০১৭-১৮ | প্রক্ষেপণ | | নির্ধারিত লক্ষমাত্রা অর্জনের ক্ষেত্রে যৌথভাবে দায়িত্বপ্রাপ্ত মন্ত্রণালয়/বিভাগ/সংস্থাসমূহের নাম | উপাত্তসূত্র (Soruce of Data) |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | ২০১৫-১৬ | ২০১৬-১৭ * | | ২০১৮-১৯ | ২০১৯-২০ | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ |
| পর্যটন শিল্পের পরিকল্পিত উন্নয়ন ও বিকাশ | ১) পরামর্শক প্রতিষ্ঠান নিয়োগ সম্পন্নকরণ | তারিখ | | পরামর্শক নিয়োগ প্রক্রিয়াকরণ | ৫ জুন'১৮ | - | - | পর্যটন শিল্পের সাথে সম্পৃক্ত সরকারি-বেসরকারি স্টেক-হোল্ডারগণ | বিটিবি প্রণীত অগ্রগতির প্রতিবেদন |
| পর্যটন গন্তব্যের প্রচারণা | ২) কার্নিভাল আয়োজন | সংখ্যা | ১ | ১ | ২ | ১ | ১ | বাংলাদেশ ট্যুরিজম বোর্ড, বিপিসি ও সংশ্লিষ্ট জেলা প্রশাসন | বিটিবি প্রণীত অগ্রগতির প্রতিবেদন |
| বাংলাদেশের পর্যটন আকর্ষণ সম্পর্কে আন্তর্জাতিক অঙ্গনের দৃষ্টি আকর্ষণ ও সচেতনাতা বৃদ্ধি | ৩) ১০ম ওআইসি পর্যটন মন্ত্রী সম্মেলন আয়োজন | সংখ্যা | - | - | ১ | - | - | বেবিপপম, বিটিবি ও বিপিসি | বিটিবি প্রণীত অগ্রগতির প্রতিবেদন |
| | ৪) প্রচার কার্যক্রমের জন্য নিউজ রিলিজ, প্রেস রিলিজ, এবং ইমেইল মার্কেটিং | সংখ্যা | - | ২০ | ৪০ | ৫০ | ৭০ | বাংলাদেশ ট্যুরিজম বোর্ড | বিটিবি প্রণীত অগ্রগতির প্রতিবেদন |
| | ৫) প্রিন্ট এন্ড ডিজিটাল মিডিয়া কভারেজ | সংখ্যা | ৩০ | ৫০ | ৬০ | ৮০ | ৯০ | বাংলাদেশ ট্যুরিজম বোর্ড | বিটিবি প্রণীত অগ্রগতির প্রতিবেদন |
| পর্যটন শিল্পের মাধ্যমে স্থানীয় জনগোষ্ঠির আর্থ-সামাজিক উন্নয়ন | ৬) কমিউনিটি পর্যটন উন্নয়নে স্থানীয় জনগোষ্ঠীকে সম্পৃক্তকরণ | সংখ্যা | ৩ | ৪ | ৫ | ৫ | ৬ | বাংলাদেশ ট্যুরিজম বোর্ড ও সংশ্লিষ্ট জেলা প্রশাসন | বিটিবি প্রণীত অগ্রগতির প্রতিবেদন |
| আন্তর্জাতিক পর্যটন বাজারে দেশের পর্যটন শিল্পের প্রচার ও বিপণন | ৭) আন্তর্জাতিক পর্যটন মেলায় অংশগ্রহণ | সংখ্যা | ১০ | ১২ | ১০ | ১২ | ১৫ | বেবিপপম ও বাংলাদেশ ট্যুরিজম বোর্ড | বিটিবি প্রণীত অগ্রগতির প্রতিবেদন |
| পরিচিতিমূলক ভ্রমণে আগত ট্যুর অপারেটর ও মিডিয়া কর্মীদের মাধ্যমে বাংলাদেশের পর্যটন পণ্য ও সেবার বিষয়ে আন্তর্জাতিক অঙ্গনে প্রচার | ৮) পরিচিতিমূলক ভ্রমণের আয়োজন | সংখ্যা | ২ | ৩ | ২ | ৩ | ৪ | বাংলাদেশ ট্যুরিজম বোর্ড | বিটিবি প্রণীত অগ্রগতির প্রতিবেদন |

* সাময়িক

| চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact) | কর্মসম্পাদনের সূচকসমূহ (Performance Indicator) | একক (Unit) | প্রকৃত | | লক্ষ্যমাত্রা ২০১৭-১৮ | প্রক্ষেপণ | | নির্ধারিত লক্ষমাত্রা অর্জনের ক্ষেত্রে যৌথভাবে দায়িত্বপ্রাপ্ত মন্ত্রণালয়/বিভাগ/সংস্থাসমূহের নাম | উপাত্তসূত্র (Soruce of Data) |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | ২০১৫-১৬ | ২০১৬-১৭ * | | ২০১৮-১৯ | ২০১৯-২০ | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ |
| বিদেশি ট্যুর অপারেটরদের সাথে বাংলাদেশের ট্যুর অপারেটরদের নেট ওয়াকিং ও B2B সম্পর্ক বৃদ্ধি | ৯) রোড শো আয়োজন | সংখ্যা | - | - | ১ | ২ | ৩ | বাংলাদেশ ট্যুরিজম বোর্ড ও অন্যান্য স্টেকহোল্ডারগণ | বিটিবি প্রণীত অগ্রগতির প্রতিবেদন |
| পরিচ্ছন্ন পরিবেশে স্বাস্থ্যসম্মত খাবার পরিবেশন | ১০) পর্যটন স্পটসমূহের পার্শ্ববর্তী স্থানীয় জনগোষ্ঠী এবং স্ট্রিট ফুড ভেন্ডরদের সচেতনতা বৃদ্ধির জন্য কর্মশালা, প্রশিক্ষণ কর্মসূচীর আয়োজন করা হবে। | সংখ্যা | ৩ | ১ | ৫ | ৫ | ৬ | বাংলাদেশ ট্যুরিজম বোর্ড ও অন্যান্য স্টেক-হোল্ডারগণ | বিটিবি প্রণীত অগ্রগতির প্রতিবেদন |
| পর্যটন সম্পদ সুরক্ষা ও পর্যটক সেবার মান উন্নয়নের লক্ষ্যে পর্যটন সংশ্লিষ্ট এলাকার সাধারণ জনগোষ্ঠীর সচেতনতা বৃদ্ধি | ১১) বিভাগীয় পর্যায়ে পর্যটন বিষয়ক কর্মশালা আয়োজন | সংখ্যা | - | - | ৭ | ৮ | ৮ | বাংলাদেশ ট্যুরিজম বোর্ড ও সংশ্লিষ্ট বিভাগীয় প্রশাসন এবং সংশ্লিষ্ট স্টেক-হোল্ডারগণ | বিটিবি প্রণীত অগ্রগতির প্রতিবেদন |
| নাবগত ট্যুর অপারেটরদের পর্যটন সেবার মান উন্নয়ন | ১২) নবাগত ট্যুর অপারেটরদের প্রশিক্ষণ ও গাইড ট্রেইনিং কর্মসূচী | সংখ্যা | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | বাংলাদেশ ট্যুরিজম বোর্ড ও সংশ্লিষ্ট স্টেক-হোল্ডার | বিটিবি প্রণীত অগ্রগতির প্রতিবেদন |
| উন্নত পর্যটন সেবা নিশ্চিত করণ | ১৩) পর্যটন শিল্পে নিয়োজিত জনবলের দক্ষতা উন্নয়নে প্রশিক্ষণ | জনঘন্টা | - | - | ১৮০০ | ২০০০ | ২২০০ | বাংলাদেশ ট্যুরিজম বোর্ড | বিটিবি প্রণীত অগ্রগতির প্রতিবেদন |
| পর্যটক আগমন বৃদ্ধি | ১৪) পর্যটন স্পটগুলোতে পর্যটকদের জন্য অবকাঠামো উন্নয়ণ ও সুবিধাদি প্রবর্তন | সংখ্যা | - | ৩ | ১০ | ১১ | ১২ | বাংলাদেশ ট্যুরিজম বোর্ড | বিটিবি প্রণীত অগ্রগতির প্রতিবেদন |
| এ্যাডভেঞ্চার পর্যটন উন্নয়ন | ১৫) তরুণ সমাজকে পর্যটনে সম্পৃক্তকরণের মাধ্যমে এ্যাডভেঞ্চার পর্যটন উন্নয়ণ | সংখ্যা | - | - | ২ | ৪ | ৫ | বাংলাদেশ ট্যুরিজম বোর্ড | বিটিবি প্রণীত অগ্রগতির প্রতিবেদন |

* সাময়িক

## সেকশন-৩

### কৌশলগত উদ্দেশ্য, অগ্রাধিকার, কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ

| কৌশলগত উদ্দেশ্য (Strategic Objectives) | কৌশলগত উদ্দেশ্যের মান (Weight of Strategic Objectives) | কার্যক্রম (Activities) | কর্মসম্পাদন সূচক (Performance Indicators ) | একক (Unit) | কর্মসম্পাদন সূচকের মান (Weight of Performance Indicators ) | প্রকৃত অর্জন (২০১৫-১৬) | | লক্ষ্যমাত্রা /ক্রাইটেরিয়ার মান ২০১৭-১৮ (Target/Criteria Value for FY 2017-18) | | | | | প্রক্ষেপণ (Projection) ২০১৮-১৯ | প্রক্ষেপণ (Projection) ২০১৯-২০ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | ২০১৫-১৬ | ২০১৬-১৭ * | অসাধারণ ১০০% | অতি উত্তম ৯০% | উত্তম ৮০% | চলতিমান ৭০% | চলতিমানের নিম্নে ৬০% | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ | ১৪ | ১৫ |
| (১) স্বল্প, মধ্য ও দীর্ঘমেয়াদী পর্যটন মহাপরিকল্পনা তৈরী | ২ | ১) পর্যটন শিল্পের পরিকল্পিত উন্নয়নে মহাপরিকল্পনা প্রনয়ণ | পরামর্শক প্রতিষ্ঠান নিয়োগ সম্পন্নকরণ | তারিখ | ২ | - | - | ৫ জুন'১৮ | ১০ জুন'১৮ | ১৫ জুন'১৮ | ২০ জুন'১৮ | ৩০ জুন'১৮ | | |
| (২) পর্যটন গন্তব্য হিসেবে প্রচারের লক্ষ্যে ইভেন্ট আয়োজন | ১৮ | ২) কার্নিভাল আয়োজন | ইভেন্ট আয়োজন | সংখ্যা | ০৩ | - | ১ | ২ | ১ | - | - | - | ১ | ১ |
| | | ৩) ১০ম ওআইসি পর্যটন মন্ত্রী সম্মেলন আয়োজন | সম্মেলন আয়োজন | সংখ্যা | ১৫ | - | - | ১ | - | - | - | - | - | - |
| (৩) বহির্বিশ্বে জনসংযোগ ও প্রচার কার্যক্রমের মাধ্যমে বাংলাদেশকে একটি পর্যটন গন্তব্য হিসেবে প্রতিষ্ঠিত করা। | ৫ | ৪) প্রচার কার্যক্রমের জন্য নিউজ রিলিজ, প্রেস রিলিজ, এবং ইমেইল মার্কেটিং | ইমেইল ব্লাষ্ট | সংখ্যা | ২ | ১০ | ২০ | ৪০ | ৩০ | ২৫ | ২০ | ১৫ | ৫০ | ৭০ |
| | | ৫) নিউজ রিপোর্ট/ এডিটরিয়াল কভারেজ প্রিন্ট এন্ড ডিজিটাল মিডিয়া | প্রিন্ট এন্ড ডিজিটাল মিডিয়া কভারেজ | সংখ্যা | ৩ | ৩০ | ৫০ | ৬০ | ৫০ | ৪০ | ৩০ | ২০ | ৮০ | ৯০ |
| (৪) স্থানীয় জনগোষ্ঠীকে কমিউনিটি পর্যটন উন্নয়নে সম্পৃক্তকরণ কার্যক্রম | ৫ | ৬) কমিউনিটি পর্যটন উন্নয়নে স্থানীয় জনগোষ্ঠীকে সম্পৃক্তকরণ | সম্পৃক্ত পরিবার | সংখ্যা | ৫ | ৩ | ৪ | ৫ | ৩ | ২ | ১ | - | ৫ | ৬ |
| (৫) আন্তর্জাতিক পর্যটন বাজারে প্রবেশের জন্য বিভিন্ন বিপণন কর্মসূচী বাস্তবায়ন | ১৫ | ৭) আন্তর্জাতিক পর্যটন মেলায় অংশগ্রহণ | মেলায় অংশগ্রহণ | সংখ্যা | ১০ | ১০ | ১২ | ১০ | ৯ | ৮ | ৭ | ৬ | ১২ | ১৫ |
| | | ৮) পরিচিতিমূলক ভ্রমণের আয়োজন | আয়োজিত পরিচিতিমূলক ভ্রমণ | সংখ্যা | ৩ | ২ | ৩ | ২ | ১ | - | - | - | ৩ | ৪ |
| | | ৯) রোড শো আয়োজন | আয়োজিত রোড শো | সংখ্যা | ২ | - | - | ১ | - | - | - | - | ২ | ৩ |
| (৬) পর্যটন সচেতনতামূলক কার্যক্রম | ১৫ | ১০) পর্যটন স্পটসমূহের পার্শ্ববর্তী স্থানীয় জনগোষ্ঠী এবং স্ট্রিট ফুড ভেন্ডরদের সচেতনতা বৃদ্ধির জন্য কর্মশালা, প্রশিক্ষণ কর্মসূচী ইত্যাদি আয়োজন | আয়োজিত কর্মশালা ও কর্মসূচী | সংখ্যা | ৭ | - | ৪ | ৫ | ৪ | ৩ | ২ | ১ | ৫ | ৬ |
| | | ১১) বিভাগীয় পর্যায়ে পর্যটন বিষয়ক কর্মশালা আয়োজন | আয়োজিত কর্মশালা | সংখ্যা | ৮ | - | - | ৭ | ৫ | ৩ | ২ | ১ | ৮ | ৮ |

* সাময়িক

| কৌশলগত উদ্দেশ্য (Strategic Objectives) | কৌশলগত উদ্দেশ্যের মান (Weight of Strategic Objectives | কার্যক্রম (Activities) | কর্মসম্পাদন সূচক (Performance Indicators ) | একক (Unit) | কর্মসম্পাদন সূচকের মান (Weight of Performance Indicators ) | প্রকৃত অর্জন (২০১৫-১৬) | | লক্ষ্যমাত্রা /ক্রাইটেরিয়ার মান ২০১৭-১৮ (Target/Criteria Value for FY 2017-18) | | | | | প্রক্ষেপণ (Projection) ২০১৮-১৯ | প্রক্ষেপণ (Projection) ২০১৯-২০ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | ২০১৫-১৬ | ২০১৬-১৭ * | অসাধারণ ১০০% | অতি উত্তম ৯০% | উত্তম ৮০% | চলতিমান ৭০% | চলতিমানের নিম্নে ৬০% ২০১৫-১৬ | | |
| (৭) পর্যটন শিল্পের স্টেকহোল্ডারদের বিপণন সক্ষমতা বৃদ্ধিকল্পে কার্যক্রম গ্রহণ | ৫ | ১২) নবাগত ট্যুর অপারেটরদের প্রশিক্ষণ ও গাইড ট্রেইনিং কর্মসূচী | প্রশিক্ষণ কর্মসূচী | সংখ্যা | ৫ | ২ | ৩ | ৪ | ৩ | ২ | ১ | - | ৫ | ৬ |
| (৮) পর্যটন শিল্পে নিয়োজিত জনবলের দক্ষতা উন্নয়ন | ৫ | ১৩) পর্যটন শিল্পে নিয়োজিত জনবলের দক্ষতা উন্নয়নে প্রশিক্ষণ | বাৎসরিক জন ঘন্টা | ঘন্টা | ৫ | - | - | ১৮০০ | ১৭০০ | ১৬০০ | ১৫০০ | - | ২০০০ | ২২০০ |
| (৯) পর্যটন সুবিধা প্রবর্তন ও উন্নয়ন | ১০ | ১৪) পর্যটন স্পটগুলোতে পর্যটকদের জন্য অবকাঠামো উন্নয়ণ ও সুবিধাদি প্রবর্তন | উন্নয়ন অবকাঠামো | সংখ্যা | ১০ | - | ৩ | ১০ | ৮ | ৬ | ৪ | ২ | ১১ | ১২ |
| (১০) এ্যাডভেঞ্চার পর্যটন উন্নয়ন | ৫ | ১৫) তরুণ সমাজকে পর্যটনে সম্পৃক্তকরণের মাধ্যমে এ্যাডভেঞ্চার পর্যটন উন্নয়ন | কর্মশালা | সংখ্যা | ৫ | - | ৩ | ২ | ১ | - | - | - | ৪ | ৫ |

* সাময়িক

আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ

(মোট মান ২০)

| কলাম-১ | কলাম-২ | কলাম-৩ | কলাম-৪ | | কলাম-৫ | কলাম-৬ | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | লক্ষ্যমাত্রার মান -২০১৭-১৮ | | | | |
| কৌশলগত উদ্দেশ্য (Strategic Objectives) | কৌশলগত উদ্দেশ্যের মান (Weight of Strategic Objectives) | কার্যক্রম (Activities) | কর্মসম্পাদন সূচক (Performance Indicator) | একক (Unit) | কর্মসম্পাদন সূচকের মান (Weight of PI) | অসাধারণ (Excellent) | অতি উত্তম (Very Good) | উত্তম (Good) | চলতি মান (Fair) | চলতিমানের নিম্নে (Poor) |
| | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% |
| দক্ষতার সঙ্গে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন | ৪ | ২০১৭-১৮ অর্থবছরের খসড়া বার্ষিক কর্মসম্পাদন চুক্তি দাখিল | নির্ধারিত সময়সীমার মধ্যে খসড়া চুক্তি মন্ত্রণালয়/বিভাগে দাখিলকৃত | তারিখ | .৫ | ১৯ এপ্রিল | ২৩ এপ্রিল | ২৫ এপ্রিল | ২৬ এপ্রিল | ২৭ এপ্রিল |
| | | মাঠ পর্যায়ের কার্যালয়সমূহের সঙ্গে ২০১৭-১৮ অর্থ বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষর | নির্ধারিত সময়সীমার মধ্যে চুক্তি স্বাক্ষরিত | তারিখ | ১ | ১৫ জুন | ১৮ জুন | ১৯ জুন | ২০ জুন | ২১ জুন |
| | | ২০১৭-১৮ অর্থবছরের খসড়া বার্ষিক কর্মসম্পাদন চুক্তির মূল্যায়ন প্রতিবেদন দাখিল | নির্ধারিত তারিখে মূল্যায়ন প্রতিবেদন দাখিলকৃত | তারিখ | ১ | ১৬ জুলাই | ১৮ জুলাই | ১৯ জুলাই | ২০ জুলাই | ২৩ জুলাই |
| | | ২০১৭-১৮ অর্থবছরের খসড়া বার্ষিক কর্মসম্পাদন চুক্তির বাস্তবায়ন পরিবীক্ষণ | ত্রৈমাসিক প্রতিবেদন দাখিলকৃত | সংখ্যা | .৫ | ৪ | ৩ | - | - | - |
| | | ২০১৭-১৮ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির অর্ধবার্ষিক মূল্যায়ন প্রতিবেদন দাখিলকৃত | নির্ধারিত তারিখে অর্ধবার্ষিক মূল্যায়ন প্রতিবেদন দাখিলকৃত | তারিখ | ১ | ১৪ জানুয়ারি | ১৬ জানুয়ারি | ১৮ জানুয়ারি | ২১ জানুয়ারি | ২২ জানুয়ারি |
| কার্য পদ্ধতি ও সেবার মানোন্নয়ন | ৯ | ই-ফাইলিং পদ্ধতি বাস্তবায়ন | ই-ফাইলিং নথি নিষ্পত্তিকৃত | % | ১ | ৪০ | ৩৫ | ৩০ | ২৫ | ২০ |
| | | ইউকোড ব্যবহার নিশ্চিত করা | ইউনিকোড ব্যবহার নিশ্চিতকৃত | % | .৫ | ১০০ | ৯৫ | ৯০ | ৮৫ | ৮০ |
| | | পিআরএল শুরুর ২ মাস পূর্বে সংশ্লিষ্ট কর্মচারীর পিআরএল ও ছুটি নগদায়ন যুগপৎ জারি নিশ্চিত করণ | পিআরএল ও ছুটির নগদায়ন যুগপৎ জারিকৃত | % | .৫ | ১০০ | ৯০ | ৮০ | - | - |
| | | সিটিজেন্স চার্টার অনুযায়ী সেবা প্রদান | প্রকাশিত সিটিজেন্স চার্টার অনুযায়ী সেবা প্রদানকৃত | % | ১ | ১০০ | ৯০ | ৮০ | ৭০ | ৬০ |
| | | অভিযোগ প্রতিকার ব্যবস্থা বাস্তবায়ন | নিষ্পতিকৃত অভিযোগ | % | ১ | ৯০ | ৮০ | ৭০ | ৬০ | ৫০ |
| | | সেবার মান সম্পর্কে সেবাগ্রহীতাদের মতামত পরিবীক্ষণের ব্যবস্থা চালু করা | সেবার মান সম্পর্কে সেবাগ্রহীতাদের মতামত পরিবীক্ষণের ব্যবস্থা চালুকৃত | % | ১ | ৮০ | ৭৫ | ৭০ | ৬৫ | ৬০ |

| কলাম-১ | কলাম-২ | কলাম-৩ | কলাম-৪ | | কলাম-৫ | কলাম-৬ | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | লক্ষ্যমাত্রার মান -২০১৭-১৮ | | | | |
| কৌশলগত উদ্দেশ্য (Strategic Objectives) | কৌশলগত উদ্দেশ্যের মান (Weight of Strategic Objectives) | কার্যক্রম (Activities) | কর্মসম্পাদন সূচক (Performance Indicator) | একক (Unit) | কর্মসম্পাদন সূচকের মান (Weight of PI) | অসাধারণ (Excellent) | অতি উত্তম (Very Good) | উত্তম (Good) | চলতি মান (Fair) | চলতিমানের নিম্নে (Poor) |
| | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% |
| | | দপ্তর/সংস্থায় কমপক্ষে দুইটি অনলাইন সেবা চালু করা | কমপক্ষে দুইটি অনলাইন সেবা চালুকৃত | তারিখ | ১ | ৩১ ডিসেম্বর | ৩১ জানুয়ারি | ২৮ ফেব্রুয়ারি | - | - |
| | | দপ্তর/সংস্থার কমপক্ষে তিনটি সেবাপ্রক্রিয়া সহজীকৃত | কমপক্ষে ৩টি সেবাপ্রক্রিয়া সহজীকৃত | তারিখ | ১ | ৩১ ডিসেম্বর | ৩১ জানুয়ারি | ২৮ ফেব্রুয়ারি | ১৫ মার্চ | - |
| | | দপ্তর/সংস্থা ও অধীনস্থ কার্যালয়সমূহের উদ্ভাবনী উদ্যোগ ও Small Improvement Project (SIP) বাস্তবায়ন | উদ্ভাবনী উদ্যোগ ও SIP সমূহের ডাটাবেজ প্রস্তুতকৃত | তারিখ | ১ | ৪ জানুয়ারি | ১১ জানুয়ারি | ১৮ জানুয়ারি | ২৫ জানুয়ারি | ৩১ জানুয়ারি |
| | | | উদ্ভাবনী উদ্যোগ ও SIP রেপ্লিকেটেড | সংখ্যা | ১ | ২৫ | ২০ | ১৫ | ১০ | - |
| আর্থিক ব্যবস্থাপনার উন্নয়ন | ৩ | অডিট আপত্তি নিষ্পত্তি | অডিট আপত্তি নিষ্পত্তিকৃত | % | ১ | ৫০ | ৪৫ | ৪০ | ৩৫ | ৩০ |
| | | স্থাবর/অস্থাবর সম্পত্তির হালনাগাদ তালিকা প্রস্তুত করা | স্থাবর সম্পত্তির হালনাগাদ তালিকা | তারিখ | ১ | ১ ফেব্রুয়ারি | ১৫ ফেব্রুয়ারি | ২৮ফেব্রুয়ারি | ২৮ মার্চ | ১৫ এপ্রিল |
| | | | অস্থাবর সম্পত্তির হালনাগাদ তালিকা | তারিখ | .৫ | ১ ফেব্রুয়ারি | ১৫ ফেব্রুয়ারি | ২৮ফেব্রুয়ারি | ২৮ মার্চ | ১৫ এপ্রিল |
| | | দপ্তর/সংস্থায় কল্যাণ কর্মকর্তা নিয়োগ করা | কল্যাণ কর্মকর্তা নিয়োগকৃত ও ওয়েব সাইটে প্রকাশিত | তারিখ | .৫ | ১৫ অক্টোবর | ২৯ অক্টোবর | ১৫ নভেম্বর | ৩০ নভেম্বর | ১৪ ডিসেম্বর |
| দক্ষতা ও নৈতিকতার উন্নয়ন | ২ | সরকারি কর্মসম্পাদন ব্যবস্থাপনা সংক্রান্ত প্রশিক্ষণসহ বিভিন্ন বিষয়ে কর্মকর্তা/কর্মচারীদের জন্য প্রশিক্ষণ আয়োজন | প্রশিক্ষণের সময় | জনঘন্টা | ১ | ৬০ | ৫৫ | ৫০ | ৪৫ | ৪০ |
| | | জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন | ২০১৭-১৮ অর্থ বছরের শুদ্ধাচার বাস্তবায়ন কর্মপরিকল্পনা এবং বাস্তবায়ন পরিবীক্ষণ কাঠামো প্রণীত ও দাখিলকৃত | তারিখ | .৫ | ১৩ জুলাই | ৩১ জুলাই | - | - | - |
| | | | নির্ধারিত সময়সীমার মধ্যে ত্রৈমাসিক পরিবীক্ষণ প্রতিবেদন দাখিলকৃত | সংখ্যা | .৫ | ৪ | ৩ | - | - | - |
| তথ্য অধিকার ও স্বপ্রণোদিত তথ্য প্রকাশ বাস্তবায়ন | ২ | তথ্য বাতায়ন হালনাগাদকরণ | তথ্য বাতায়ন হালনাগাদকৃত | % | .৫ | ১০০ | ৯০ | ৮৫ | ৮০ | ৭৫ |
| | | স্বপ্রণোদিত তথ্য প্রকাশ | স্বপ্রণোদিত তথ্য প্রকাশিত | % | .৫ | ১০০ | ৯০ | ৮৫ | ৮০ | ৭৫ |
| | | বার্ষিক প্রতিবেদন প্রণয়ন ও প্রকাশ | বার্ষিক প্রতিবেদন ওয়েবসাইটে প্রকাশিত | তারিখ | ১ | ১৫ অক্টোবর | ২৯ অক্টোবর | ১৫ নভেম্বর | ৩০ নভেম্বর | ১৪ ডিসেম্বর |

মোঃ শাহাদৎ হোসেন
অতিরিক্ত সচিব

আমি, প্রধান নির্বাহী কর্মকর্তা, বাংলাদেশ ট্যুরিজম বোর্ড, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় মন্ত্রী, বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয় এর প্রতিনিধি সচিব, বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয় এর নিকট অঙ্গীকার করছি যে এ চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে সচেষ্ট থাকব।

আমি, সচিব, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় মন্ত্রী, বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয় এর প্রতিনিধি হিসেবে প্রধান নির্বাহী কর্মকর্তা, বাংলাদেশ ট্যুরিজম বোর্ডের নিকট অঙ্গীকার করছি যে এ চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করব।

স্বাক্ষরিত ঃ

| | |
|---|---|
| প্রধান নির্বাহী কর্মকর্তা<br>বাংলাদেশ ট্যুরিজম বোর্ড | ১৮.০৬.২০১৭<br>তারিখ |
| সচিব<br>বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয় | ১৮-০৬-২০১৭.<br>তারিখ |

সংযোজনী-১

## শব্দসংক্ষেপ (Acronyms)

| ক্রমিক নং | শব্দসংক্ষেপ | বিবরণ |
|---|---|---|
| ১ | UNWTO | United Nation World Tourism Organization |
| ২ | UNWTO CSA | UNWTO Commission for South Asia |
| ৩ | PATA | Pacific Asia Travel Association |

## সংযোজনী -২ : কর্মসম্পাদন সূচকসমূহ, বাস্তবায়নকারী মন্ত্রণালয়/বিভাগ/সংস্থা এবং পরিমাপ পদ্ধতি-এর বিবরণ

| ক্রমিক নম্বর | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | বিবরণ | বাস্তবায়নকারী ইউনিট | পরিমাপ পদ্ধতি এবং উপাত্তসূত্র | সাধারণ মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| ১. | পর্যটন শিল্পের পরিকল্পিত উন্নয়নে মহাপরিকল্পনা প্রণয়ন | পরামর্শক প্রতিষ্ঠান নিয়োগ সম্পন্নকরণ | একটি পর্যটন মহাপরিকল্পনা প্রণয়ন করা হবে। মহাপরিকল্পনা প্রণয়নের কার্যক্রম পরামর্শক প্রতিষ্ঠান নিয়োগ স্বাপেক্ষে শুরু করা হবে। | বিটিবি | মহাপরিকল্পনা প্রণয়নের কার্যক্রমটি সম্পন্ন করতে প্রায় ২০ মাস সময় লাগবে। কার্যক্রম সম্পন্ন করার লক্ষ্যে পরামর্শক প্রতিষ্ঠান নিয়োগ এবং ২০১৭-১৮ অর্থবছরে সম্পাদিত কার্যক্রম কর্মসম্পাদন সূচক হিসেবে চিহ্নিত করা হয়েছে। | |
| ২. | পর্যটন গন্তব্যের প্রচারণা | কার্ণিভাল আয়োজন | পর্যটন আকর্ষন স্থানকে দেশে-বিদেশে ব্যাপক প্রচারের লক্ষ্যে সুবিধাজনক সময়ে ০২টি পর্যটন আকর্ষণ স্থানে ০২টি কার্নিভালের আয়োজন করা হবে। | বিটিবি | কার্ণিভ্যাল আয়োজনকে কর্মসম্পাদন সূচক হিসেবে চিহ্নিত করা হয়েছে। | |
| ৩. | ১০ম ওআইসি পর্যটন মন্ত্রী সম্মেলন আয়োজন | ইভেন্ট আয়োজন | আগামী নভেম্বর মাসে ঢাকায় ওআইসি পর্যটন মন্ত্রী পর্যায়ের সম্মেলন অনুষ্ঠিত হবে। | বিটিবি | সম্মেলন আয়োজনকে কর্মসম্পাদন সূচক হিসেবে চিহ্নিত করা হয়েছে। | |
| ৪. | নিউজ রিলিজ, প্রেস রিলিজ এবং ইমেইল মার্কেটিং | ইমেইল ব্লাষ্ট | অনলাইলে বিভিন্ন প্রকারের প্রেস রিলিজ, নিউজলেটার প্রচার করা হবে। | বিটিবি | এক অর্থবছরে প্রেরিত মোট ইমেইল কর্মসম্পাদন সূচক হিসেবে চিহ্নিত করা হয়েছে। | |
| ৫. | এডিটরিয়াল কভারেজ প্রিন্ট এন্ড ইলেকট্রনিক মিডিয়া | মিডিয়া কভারেজ | অনলাইন ও প্রিন্ট মিডিয়াতে পর্যটনের উপর এডিটরিয়াল ও নিউজ কভারেজ প্রদান করা হবে। | বিটিবি | এক অর্থ বছরে প্রকাশিত এডিটরিয়াল এর সংখ্যা | |
| ৬. | কমিউনিটি পর্যটন উন্নয়নে স্থানীয় জনগোষ্ঠীকে সম্পৃক্তকরণ | সম্পৃক্ত পরিবারের সংখ্যা | কমিউনিটি পর্যটন উন্নয়নের লক্ষ্যে স্থানীয় জনগোষ্ঠীকে হোম স্টে কার্যক্রমের মাধ্যমে সম্পৃক্ত করা হবে। | বিটিবি | এক অর্থ বছরে সম্পৃক্ত পরিবারের এর সংখ্যা | |
| ৭. | আন্তর্জাতিক পর্যটন মেলায় অংশগ্রহণ | মেলায় অংশগ্রহণের সংখ্যা | আন্তর্জাতিক পর্যটন মেলায় অংশগ্রহণ করা হবে। | বিটিবি | এক অর্থ বছরে অংশগ্রহণকৃত মেলার সংখ্যা | |
| ৮. | পরিচতিমূলক ভ্রমণের আয়োজন | পরিচিতিমূলক ভ্রমণের সংখ্যা | বিদেশী ট্যুর অপারেটর ও সাংবাদিকদের পরিচিতিমূলক ভ্রমণে বাংলাদেশে নিয়ে আসা হবে। | বিটিবি | এক অর্থ বছরে আয়োজিত পরিচিতিমূলক ভ্রমণের সংখ্যা | |
| ৯. | বাংলাদেশের জন্য সম্ভাবনাময় দেশগুলোতে রোড শো আয়োজন | আয়োজিত রোড শো | বিভিন্ন দেশে রোড শো আয়োজন করা হবে। | বিটিবি | এক অর্থ বছরে আয়োজিত রোড শো-র সংখ্যা | |
| ১০. | পর্যটন স্পটসমূহের পার্শ্ববর্তী স্থানীয় জনগোষ্ঠী এবং স্ট্রিট ফুড ভেন্ডরদের সচেতনতা বৃদ্ধির জন্য কর্মশালা, প্রশিক্ষণ কর্মসূচীর আয়োজন করা হবে। | আয়োজিত কর্মসূচী | পর্যটন সচেতনতামূলক কার্যক্রম বাস্তবায়ন করা হবে। | বিটিবি | এক অর্থ বছরে বাস্তবায়িত কর্মসূচীর সংখ্যা | |

| ক্রমিক নম্বর | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | বিবরণ | বাস্তবায়নকারী ইউনিট | পরিমাপ পদ্ধতি এবং উপাত্তসূত্র | সাধারণ মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| ১১. | বিভাগীয় পর্যায়ে পর্যটন বিষয়ক কর্মশালা আয়োজন | আয়োজিত কর্মশালা | পর্যটন সচেতনতামূলক কার্যক্রম বাস্তবায়ন করা হবে। | বিটিবি | এক অর্থ বছরে বাস্তবায়িত কর্মসূচীর সংখ্যা | |
| ১২. | নবাগত ট্যুর অপারেটরদের প্রশিক্ষণ ও গাইড ট্রেইনিং কর্মসূচী | আয়োজিত প্রশিক্ষণ | প্রশিক্ষণ আয়োজন | বিটিবি | এক অর্থ বছরে বাস্তবায়িত প্রশিক্ষণের সংখ্যা | |
| ১৩. | পর্যটন শিল্পে নিয়োজিত জনবলের দক্ষতা উন্নয়নে প্রশিক্ষণ | আয়োজিত কর্মসূচী | প্রশিক্ষণ আয়োজন | বিটিবি | এক অর্থ বছরে বাস্তবায়িত প্রশিক্ষণের জনঘন্টা | |
| ১৪. | পর্যটন স্পটগুলোতে পর্যটকদের জন্য সুবিধাদি প্রবর্তন | পর্যটন স্পট | পর্যটন সুবিধাদি প্রবর্তন | বিটিবি ও সংশ্লিষ্ট জেলা প্রশাসন | এক অর্থ বছরে বাস্তবায়িত উন্নয়ন কার্যক্রম | |
| ১৫. | এ্যাডভেঞ্চার পর্যটন উন্নয়ন | আয়োজিত কর্মশালা | তরুণ সমাজকে পর্যটনে সম্পৃক্ত করনের মাধ্যমে এ্যাডভেঞ্চার পর্যটন উন্নয়ণ | বিটিবি | এক অর্থ বছরে বাস্তবায়িত কর্মসূচীর সংখ্যা | |

# সংযোজনী-৩ ঃ অন্য মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর/সংস্থার নিকট সুনির্দিষ্ট কর্মসম্পাদন চাহিদাসমূহ

| প্রতিষ্ঠানের নাম | সংশ্লিষ্ট কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | উক্ত প্রতিষ্ঠানের নিকট চাহিদা/প্রত্যাশা | চাহিদা/প্রত্যাশার যৌক্তিকতা | প্রত্যাশা পূরণ না হলে সম্ভাব্য প্রভাব |
|---|---|---|---|---|---|
| মন্ত্রিপরিষদ বিভাগ | পর্যটন শিল্পের পরিকল্পিত উন্নয়নে মহাপরিকল্পনা প্রনয়ন। | পরামর্শক প্রতিষ্ঠান নিয়োগ সম্পন্নকরণ | পরামর্শক প্রতিষ্ঠান নিয়োগের ক্রয় প্রস্তাব অনুমোদনে সরকারি ক্রয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটি কর্তৃক সুপারিশ প্রদান। | সরকারের আর্থিক ক্ষমতা অর্পন আদেশ অনুসারে মহাপরিকল্পনা প্রনয়নে পরামর্শক প্রতিষ্ঠান নিয়োগের ক্রয় প্রস্তাব অনুমোদনের সুপারিশ প্রদানে সরকারি ক্রয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটি উপযুক্ত কর্তৃপক্ষ। | মহাপরিকল্পনা প্রনয়নে বাধাগ্রস্ত হবে |
| পর্যটন আকর্ষণ কেন্দ্রিক জেলাসমূহের জেলা প্রশাসন জেলা পরিষদ, উপজেলা পরিষদ, বীচ ম্যানেজমেন্ট কমিটি ও পর্যটন উন্নয়ন সংশ্লিষ্ট অন্যান্য কমিটি | কার্ণিভাল আয়োজন। | ইভেন্ট আয়োজন | যেহেতু কার্ণিভাল আয়োজন উপলক্ষ্যে স্থানীয়ভাবে ভেন্যু ডেকোরেশসহ কার্ণিভাল আয়োজনে নিরাপত্তার সার্বিক ব্যবস্থাপনায় স্থানীয় প্রশাসনের গুরুত্বপূর্ণ ভূমিকা থাকে বিধায় স্থানীয় প্রশাসনের সহযোগিতা একান্ত কাম্য। | স্থানীয় প্রশাসনের সহায়তা ব্যতিরেকে বাংলাদেশ ট্যুরিজম বোর্ডের পক্ষে এ জাতীয় ইভেন্ট আয়োজন করা কষ্টসাধ্য | কার্ণিভাল যথাযথভাবে আয়োজন করা কঠিন হবে। |
| বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ, স্থানীয় জেলা প্রশাসন, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ট্যুরিস্ট পুলিশ | ১০ম ওআইসি পর্যটন মন্ত্রী সম্মেলন আয়োজন। | সম্মেলন আয়োজন | সম্মেলন আয়োজন, পর্যটকদের নিরাপত্তা প্রদান, ভিসা প্রক্রিয়া সহজিকরণ সংক্রান্ত কার্যক্রম বাস্তবায়নে সহযোগিতা প্রদান। | বিমান বন্দর কর্তৃপক্ষ ও স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের সহযোগিতা ছাড়া এ ধরনের সম্মেলন আয়োজন করা বিটিবি'র পক্ষে কষ্টসাধ্য | সম্মেলন আয়োজন করা কঠিন হবে। |
| তথ্য মন্ত্রণালয়, বাসস | প্রচার কার্যক্রমের জন্য নিউজ রিলিজ, প্রেস রিলিজ, এবং ইমেইল মার্কেটিং | ইমেইল ব্লাষ্ট | প্রচার কার্যক্রমের জন্য নিউজ রিলিজ, প্রেস রিলিজ, এবং ইমেইল মার্কেটিং এ সহযোগিতা প্রদান। | সংশ্লিষ্ট মন্ত্রণালয়ের সহযোগিতা ছাড়া এ ধরনের প্রচার কার্যক্রম পরিচালনা করা সম্ভব নয় | প্রচার কার্যক্রম সম্পন্ন করা কঠিন হবে। |
| তথ্য মন্ত্রণালয়, বাসস | নিউজ রিপোর্ট/ এডিটরিয়াল কভারেজ প্রিন্ট এন্ড ডিজিটাল মিডিয়া। | প্রিন্ট এন্ড ডিজিটাল মিডিয়া কভারেজ | নিউজ রিপোর্ট/ এডিটরিয়াল কভারেজ প্রিন্ট সংক্রান্ত কাজের ক্ষেত্রে সংশ্লিষ্ট মন্ত্রণালয় ও দপ্তরের সহযোগিতা প্রদান। | সংশ্লিষ্ট মন্ত্রণালয়ের সহযোগিতা ছাড়া এ ধরনের কাজ সফলভাবে সম্পন্ন করা সম্ভব নয়। | সঠিকভাবে সংবাদ পরিবেশন, প্রচারনা এবং ডিজিটাল মিডিয়া মার্কেটিং করা সম্ভব হবে না। |
| স্থানীয় প্রশাসন ও উপজেলা পরিষদ | কমিউনিটি পর্যটন উন্নয়নে স্থানীয় জনগোষ্ঠীকে সম্পৃক্তকরণ। | সম্পৃক্ত পরিবার | কমিউনিটি পর্যটন গ্রামের প্রত্যন্ত অঞ্চলগুলোতে হয়ে থাকে, ফলে নিরাপত্তা ও সার্বিক বিষয়াদির বিষয়ে স্থানীয় প্রশাসন ও স্থানীয় সরকারের প্রতিনিধিদের সহযোগিতা জরুরী। | অত্যাবশ্যক | টেকসই পর্যটন উন্নয়নের জন্য একটি চ্যালেঞ্জ হবে। |

| প্রতিষ্ঠানের নাম | সংশ্লিষ্ট কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | উক্ত প্রতিষ্ঠানের নিকট চাহিদা/প্রত্যাশা | চাহিদা/প্রত্যাশার যৌক্তিকতা | প্রত্যাশা পূরণ না হলে সম্ভাব্য প্রভাব |
|---|---|---|---|---|---|
| বাংলাদেশ মিশন, বাংলাদেশ ব্যাংক | আন্তর্জাতিক পর্যটন মেলায় অংশগ্রহণ। | মেলায় অংশগ্রহণ | বহির্বিশ্বে বাংলাদেশ মিশনগুলো দেশের প্রতিনিধিত্ব করে বিধায় মেলাগুলোতে কার্যকর অংশগ্রহণের ক্ষেত্রে অর্থ প্রেরণে বাংলাদেশ ব্যাংকের সহযোগিতা একান্ত কাম্য। | অত্যাবশ্যক | বিদেশে আয়োজিত মেলায় কাংঙ্গিত ফলাফল অর্জন বিঘ্নিত হতে পারে । |
| বাংলাদেশ মিশন, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, স্থানীয় জেলা প্রশাসন | পরিচিতিমূলক ভ্রমণের আয়োজন। | আয়োজিত পরিচিতিমূলক ভ্রমণ | ভিসা প্রদান ও অতিথিদের সাথে যোগাযোগের জন্য সংশ্লিষ্ট বাংলাদেশ মিশন এবং কর্মসূচী আয়োজনের ক্ষেত্রে ও নিরাপত্তা প্রদানে স্থানীয় প্রশাসনের সহযোগিতা কাম্য। | অত্যাবশ্যক | পরিচিতিমূলক ভ্রমণের আয়োজন করা বিঘ্নিত হতে পারে |
| বাংলাদেশ মিশন, বাংলাদেশ ব্যাংক | রোড শো আয়োজন। | আয়োজিত রোড শো | বহিঃর্বিশ্বে প্রচার কার্যক্রম পরিচালনার ক্ষেত্রে মিশনের সহযোগিতা অত্যন্ত কাম্য। | অত্যাবশ্যক | আয়োজন বিঘ্নিত হতে পারে। |
| সংশ্লিষ্ট জেলা প্রশাসন, সিটি করপোরেশন, পৌরসভা ও উপজেলা প্রশাসন | পর্যটন স্পটসমূহের পার্শ্ববর্তী স্থানীয় জনগোষ্ঠী এবং স্ট্রিট ফুড ভেন্ডরদের সচেতনতা বৃদ্ধির জন্য কর্মশালা, প্রশিক্ষণ কর্মসূচী ইত্যাদি আয়োজন। | আয়োজিত কর্মশালা ও কর্মসূচী | দেশের বিভিন্ন স্থানে এ কার্যক্রম বাস্তবায়িত হবে, ফলে কার্যকর বাস্তবায়নের ক্ষেত্রে স্থানীয় সরকার ও স্থানীয় প্রশাসনের সহযোগিতা জরুরি। | অত্যাবশ্যক | আয়োজন বিঘ্নিত হতে পারে। |
| বিভাগীয় পর্যায়ে স্থানীয় প্রশাসন | বিভাগীয় পর্যায়ে পর্যটন বিষয়ক কর্মশালা আয়োজন। | আয়োজিত কর্মশালা | সার্বিক ব্যবস্থাপনায় স্থানীয় প্রশাসনের সহযোগিতা জরুরি। | অত্যাবশ্যক | প্রত্যাশা পূরণ না হলে কর্মসূচীসমূহ বাস্তবায়ন করা দূরূহ হবে। |
| স্থানীয় জেলা প্রশাসন, উপজেলা পরিষদ | নবাগত ট্যুর অপারেটরদের প্রশিক্ষণ ও গাইড ট্রেইনিং কর্মসূচী। | প্রশিক্ষণ কর্মসূচী | স্থানীয় জেলা প্রশাসন ও উপজেলা পরিষদের সহযোগিতা প্রয়োজন। | অত্যাবশ্যক | প্রত্যাশা পূরণ না হলে কর্মসূচীসমূহ বাস্তবায়ন করা দূরূহ হবে। |
| স্থানীয় জেলা প্রশাসন, স্থানীয় পর্যায়ের পুলিশ প্রশাসন | পর্যটন শিল্পে নিয়োজিত জনবলের দক্ষতা উন্নয়নে প্রশিক্ষণ। | বাৎসরিক জন ঘন্টা | দেশের বিভিন্ন স্থানে এ কার্যক্রম বাস্তবায়িত হবে, ফলে কার্যকর বাস্তবায়নের ক্ষেত্রে স্থানীয় প্রশাসনের সহযোগিতা প্রয়োজন। | অত্যাবশ্যক | প্রত্যাশা পূরণ না হলে কর্মসূচীসমূহ বাস্তবায়ন করা দূরূহ হবে। |
| স্থানীয় জেলা প্রশাসন, উপজেলা পরিষদ | পর্যটন স্পটগুলোতে পর্যটকদের জন্য অবকাঠামো উন্নয়ণ ও সুবিধাদি প্রবর্তন। | উন্নয়ন অবকাঠামো | স্থানীয় জেলা প্রশাসন ও উপজেলা পরিষদের সযোগিতা ব্যতিরিকে এ ধরনের উন্নয়ন কর্মকান্ড বিটিবি'র পক্ষে সম্ভব নয়। | অত্যাবশ্যক | প্রত্যাশা পূরণ না হলে অবকাঠামোগত উন্নয়ন বাধাগ্রস্ত হবে। |

| প্রতিষ্ঠানের নাম | সংশ্লিষ্ট কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | উক্ত প্রতিষ্ঠানের নিকট চাহিদা/প্রত্যাশা | চাহিদা/প্রত্যাশার যৌক্তিকতা | প্রত্যাশা পূরণ না হলে সম্ভাব্য প্রভাব |
|---|---|---|---|---|---|
| স্থানীয় জেলা প্রশাসন, শিক্ষা মন্ত্রণালয় | তরুণ সমাজকে পর্যটনে সম্পৃক্তকরণের মাধ্যমে এ্যাডভেঞ্চার পর্যটন উন্নয়ন। | কর্মশালা | স্থানীয় জেলা প্রশাসন ও শিক্ষা মন্ত্রণালয়ের সহযোগিতা প্রয়োজন। | অত্যাবশ্যক | প্রত্যাশা পূরণ না হলে তরুণ সমাজকে পর্যটন উন্নয়নে সম্পৃক্তকরণের মাধ্যমে এ্যাডভেঞ্চার পর্যটন উন্নয়ন কার্যক্রম বাধাগ্রস্ত হবে। |